



বিএসএমএমইউর প্রথম নারী উপ-উপাচার্য ডাঃ সাহানা

প্রকাশিত: ০৮ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডাঃ সাহানা আখতার রহমান। তিনি এ বিশ্ববিদ্যালয়ের নতুন উপ-উপাচার্য (শিক্ষা)-এর শূন্য পদে নিযুক্ত হয়েছেন। মঙ্গলবার রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ তাকে তিন বছরের জন্য নিয়োগ প্রদান করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব শাহ আলম মুকুল স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। নব নিযুক্ত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ সাহানা আখতার রহমান বুধবার দায়িত্ব গ্রহণ করে তার অফিসে কাজে যোগ দিয়েছেন।

অধ্যাপক ডাঃ সাহানা আখতার রহমানের মাঝের নাম রওশন আরা বেগম এবং পিতার নাম শাহ হাবিবুর রহমান। তিনি ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি কামরংঘেসা উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক এবং হলিক্রস কলেজ থেকে কৃতিত্বের সঙ্গে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপর তিনি ১৯৮২ সালে ঢাকা মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস পাস করেন। ১৯৯০ সালে তিনি এফসিপিএস (শিশু) এবং ১৯৯৫ সালে যুক্তরাজ্য থেকে মেডিক্যাল এডুকেশনে মাস্টার্স ডিপ্রী অর্জন করেন। বিশিষ্ট শিশুরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডাঃ সাহানা আখতার রহমান ব্যক্তিগতভাবে তিন কন্যার জননী। তারা সবাই দেশের বাইরে অধ্যয়নরত। তার স্বামী বিশিষ্ট অর্থনীতিবিদ ড. আতিউর রহমান বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর এবং বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করছেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি এ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৮৪ ৭৭৮০-৯৯ (অটোহাটিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com